**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ ভ্যাট বিভাগ ]**

**সাধারণ আদেশ নং-১০/মূসক/২০২০ তারিখঃ ২৮ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ /১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ।**

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৩১ এর উপ-ধারা (২) অনুযায়ী পণ্য উৎপাদনের লক্ষ্যে আমদানিকৃত উপকরণের ক্ষেত্রে ৪ (চার) শতাংশ হারে আগাম কর প্রদানপূর্বক পণ্য খালাসের সময় আমদানিকারককে কাস্টম হাউস/কাস্টমস স্টেশনে আমদানি দলিলাদির সাথে নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করিতে হইবে, যথা:-

(ক) উৎপাদনকারী হিসাবে নিবন্ধিত প্রতিষ্ঠানের মূল্য সংযোজন কর নিবন্ধন ফরম (মূসক-২.৩) এর সত্যায়িত অনুলিপি;

(খ) উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক বিভাগীয় দপ্তরে দাখিলকৃত উপকরণ-উৎপাদ সহগ (ফরম মূসক-৪.৩) এর সত্যায়িত অনুলিপি;

(গ) পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে বিল অব এন্ট্রির সহিত আমদানিকারক প্রতিষ্ঠানের হালনাগাদ শিল্প আইআরসি এর সত্যায়িত অনুলিপি এবং ভ্যাট অনলাইন সিস্টেম হতে প্রাপ্ত পূর্ববর্তী ১২ (বার) করমেয়াদের বা প্রযোজ্য ক্ষেত্রে নির্দিষ্ট কর মেয়াদের মূসক সংক্রান্ত দাখিলপত্র পেশের প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে। তবে, কোন কারণে ভ্যাট অনলাইন সিস্টেম হতে প্রত্যয়নপত্র না পাওয়া গেলে "পরিশিষ্ট" মোতাবেক সংশ্লিষ্ট মূসক বিভাগীয় কর্মকর্তা হইতে প্রাপ্ত প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে।

**পরিশিষ্ট**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, ---------------------------------
-----------------------------------------------------------------------
(আমদানিকারকের নাম, ঠিকানা ও ভ্যাট নিবন্ধন নম্বর) উৎপাদনকারী হিসাবে নিবন্ধিত। উক্ত প্রতিষ্ঠান --------- হইতে -------- কর মেয়াদের দাখিলপত্র যথানিয়মে পেশ করিয়াছে।

**স্বাক্ষর**
মূসক বিভাগীয় কর্মকর্তা
নামীয় সিলসহ

২। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড এই আদেশ জারি করিল।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**(কাজী ফরিদ উদ্দীন)**
**প্রথম সচিব (মূসক নীতি)**